গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
করনীতি উইং
আগারগাঁও, ঢাকা
www.nbr.gov.bd

নম্বর: ০৮.০১.০০০০.০৩৩.২২.০০১.২২.২০৩ তারিখ: ০৯ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ / ২৪ আগস্ট, ২০২৩ খ্রিষ্টাব্দ

# সাধারণ স্পষ্টীকরণ

আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৪২ এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড আয়কর আইন, ২০২৩ এর ধারা ৩৪৪ বিবেচনা পূর্বক কতিপয় বিষয়ে নিম্নবর্ণিত স্পষ্টীকরণ প্রদান করলো, যথা:

**প্রশ্ন- ১: ২০২৩-২০২৪ করবর্ষের কর নিরুপণ আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 এর অধীন সম্পন্ন হবে?**

উত্তর: ২০২৩-২০২৪ করবর্ষের কর নিরুপণ আয়কর আইন, ২০২৩ এবং অর্থ আইন, ২০২৩ অনুযায়ী সম্পন্ন করতে হবে। আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার তারিখ হতে পরবর্তীকালে সকল কার্যবিধি- যেমন, নোটিশ জারি, শুনানীর তারিখ নির্ধারণ, কর নির্ধারণের ধারা আয়কর আইন, ২০২৩ অনুযায়ী উল্লেখ করতে হবে।

তবে, আয় নিরুপণের যে সকল ক্ষেত্রে পরিপালনজনিত ব্যর্থতার কারণে কোনো খরচ অননুমোদনের বিধান আয়কর আইন, ২০২৩ এ রয়েছে কিন্তু Income-tax Ordinance, 1984-এ ছিলো না সে সকল বিধান ২০২৪-২০২৫ করবর্ষ হইতে প্রযোজ্য হবে। যেমন, আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৫তে "ব্যবসা হইতে আয়" পরিগণনাকালে কতিপয় ক্ষেত্রে বিয়োজন অনুমোদনযোগ্য না হবার উল্লেখ রয়েছে। ধারা ৫৫তে উল্লেখিত যেসকল ক্ষেত্রসমূহ নূতনভাবে প্রণয়ন করা হয়েছে অর্থাৎ Income-tax Ordinance, 1984 এর ধারা ৩০-এ ছিলো না সে সকল বিধান ২০২৪-২০২৫ করবর্ষ হইতে প্রযোজ্য হবে।

উদাহরণ: "ব্যবসা হইতে আয়" পরিগণনাকালে বেতন-ভাতাদি খাতে খরচ হিসাবে কোনো কর্মচারীকে মাসিক গ্রস বেতন ২০,০০০ টাকা বা তার অধিক ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে পরিশোধ করা না হলে তা Income-tax Ordinance, 1984 এর ধারা 30(i) অনুযায়ী খরচ হিসেবে অননুমোদিত হত। আয়কর আইন, ২০২৩ এর ধারা ৫৫(ট) অনুযায়ী কর্মচারীর "চাকরি হইতে আয়" বলে বিবেচিত এরূপ কোনো অর্থ যদি ব্যাংক ট্রান্সফারের মাধ্যমে পরিশোধ করা না হয় তবে তা "ব্যবসা হইতে আয়" পরিগণনাকালে বেতন-ভাতাদি খাতে খরচ হিসাবে অননুমোদিত হবে। এখন প্রশ্ন হলো, এক্ষেত্রে আয়কর আইন, ২০২৩ অনুযায়ী ২০২৩-২০২৪ করবর্ষের "ব্যবসা হইতে আয়" পরিগণনাকালে কোন বিধান প্রযোজ্য হবে? আয়কর আইনের ধারা ৫৫(ট) এর বিধান নাকি Income-tax Ordinance, 1984 এর ধারা 30(i) প্রযোজ্য হবে? এক্ষেত্রে Income-tax Ordinance, 1984 এর ধারা 30(i) প্রযোজ্য হবে।

**প্রশ্ন- ২: ২০২৩-২০২৪ করবর্ষে "ব্যবসা হইতে আয়" পরিগণনাকালে ক্ষতির জেরটানা ও সমন্বয় আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 এর বিধান প্রযোজ্য হবে?**

উত্তর: আয়কর আইন, ২০২৩ এর বিধান প্রযোজ্য হবে।

**প্রশ্ন- ৩: ২০২৩-২০২৪ করবর্ষে লভ্যাংশ "অন্যান্য উৎসের আয়" নাকি "আর্থিক পরিসম্পদ হইতে আয়" হিসেবে গণ্য হবে?**

উত্তর: যেহেতু ২০২৩-২০২৪ করবর্ষের আয় পরিগণনা আয়কর আইন, ২০২৩ অনুযায়ী করতে হবে সেহেতু লভ্যাংশ "আর্থিক পরিসম্পদ হইতে আয়" হিসেবে গণ্য হবে।

**প্রশ্ন- ৪: ২০২২-২০২৩ করবর্ষের কর নিরুপণ আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 এর অধীন সম্পন্ন হবে?**

উত্তর: ২০২২-২০২৩ করবর্ষের কর নিরুপণ Income-tax Ordinance, 1984 এবং অর্থ আইন, ২০২২ এর অনুযায়ী সম্পন্ন হবে। তবে, আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার তারিখ হতে পরবর্তীকালে সকল কার্যবিধি- যেমন, নোটিশ জারি, শুনানীর তারিখ নির্ধারণ, কর নির্ধারণের ধারা আয়কর আইন, ২০২৩ অনুযায়ী উল্লেখ করতে হবে।

**প্রশ্ন- ৫: আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার পূর্বের তারিখ পর্যন্ত বোর্ড কর্তৃক নির্বাচিত অডিট মামলাসমূহ নিষ্পন্নে আয়কর আইন, ২০২৩ নাকি Income-tax Ordinance, 1984 অনুসরণ করতে হবে?**

উত্তর: আয়কর আইন, ২০২৩ কার্যকর হবার পূর্বের তারিখ পর্যন্ত বোর্ড কর্তৃক নির্বাচিত অডিট মামলাসমূহ Income-tax Ordinance, 1984 এ বর্ণিত বিধানানুসারে নিষ্পন্ন করতে হবে।

২৪.০৮.২৩

(বাপন চন্দ্র দাস)
দ্বিতীয় সচিব (কর-১১)
করনীতি উইং
জাতীয় রাজস্ব বোর্ড